কালের কণ্ঠ

তারিখ 14 SEP 2017
পৃষ্ঠা 6 কলাম 2

জাতীয়করণকৃত কলেজ

# ক্যাডারভুক্ত না করলে আইনি পদক্ষেপের হুমকি শিক্ষকদের

**নিজস্ব প্রতিবেদক ▷**

নতুন করে জাতীয়করণ হওয়া কলেজশিক্ষকদের বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত করা না হলে আইনের আশ্রয় নেওয়ার হুমকি দিয়েছেন শিক্ষকরা। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এই হুমকি দেয় জাতীয়করণের তালিকাভুক্ত কলেজশিক্ষক পরিষদ। একই সঙ্গে ডিড অব গিফট (দানপত্র) সম্পন্ন হওয়া জাতীয়করণকৃত কলেজগুলোর দ্রুত জিও (সরকারি আদেশ) ও গেজেট জারির দাবিসহ পাঁচ দফা দাবিও জানানো হয়।

অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত সব শিক্ষককে ক্যাডারভুক্ত করে আত্তীকরণ করা, শতভাগ সার্ভিস গণনা করে জ্যেষ্ঠতা নির্ধারণ করা, জিও জারির তিন মাসের মধ্যে নিয়োগপ্রক্রিয়া সম্পন্ন করে ছয় মাসের মধ্যে চাকরি নিয়মিতকরণ এবং বেসরকারি কলেজের নিয়োগ স্থায়ীকরণ হলে সরকারি হওয়ার পর তা বহাল রাখা।

সংগঠনের আহ্বায়ক মো. ফারুক হোসেন লিখিত বক্তব্যে বলেন, 'ক্যাডারভুক্ত না করে জাতীয়করণকৃত কলেজের শিক্ষকদের প্রস্তাবিত আত্মীকরণ বিধিমালা ২০১৭ অনুমোদন দেওয়া হলে চরম বৈষম্যের সৃষ্টি হবে। একই কলেজে একই সঙ্গে চাকরি করে কেউ ক্যাডার, কেউ নন-ক্যাডার হলে সামাজিকভাবে, মানসিকভাবে আমরা অনেক পিছিয়ে পড়ব। অতীতেও জাতীয়করণ হওয়া কলেজশিক্ষকদের বিসিএস ক্যাডারভুক্ত করা হয়েছে। ১০ শতাংশ কোটায় নিয়োগপ্রাপ্তরা বিনা বাধায় ক্যাডারভুক্ত হচ্ছেন। তাহলে আমরা হব না কেন?'

সরকারি কলেজবিহীন উপজেলা সদরে একটি করে কলেজ জাতীয়করণ করছে সরকার। তবে বেশির ভাগ বেসরকারি কলেজশিক্ষকরা তদবির ও অর্থের মাধ্যমে নিয়োগ পেয়েছেন। তাই সরকারও তাঁদের ক্যাডারভুক্ত করা নিয়ে দ্বিধা-দ্বন্দ্বে আছে। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারভুক্ত শিক্ষকরাও জাতীয়করণ হওয়া কলেজশিক্ষকদের নন-ক্যাডারে রাখার দাবি জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন মো. আতাউর রহমান, মো. ইসমাইল হোসেন, শাহাব উদ্দিন, নসরুল আলম প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর